গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

এবং

সচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ হতে জুন ৩০, ২০১৯ পর্যন্ত

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | উপক্রমণিকা | ৩ |
| ২. | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ৩. | সেকশন ১ : রূপকল্প ,অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৫ |
| ৪. | সেকশন ২ : বিভিন্ন কার্যকমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫. | সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১০ |
| ৬. | অঙ্গীকারনামা | ১১ |
| ৭. | সংযোজনী ১ : শব্দসংক্ষেপ | ১২ |
| ৮. | সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩-১৫ |
| ৯. | সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৬ |

## উপক্রমণিকা (preamble)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department of Fire Service & Civil Defence)

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রাকৃতিক ও মানবসৃষ্ট যে কোন দুর্যোগে প্রথম সাড়াদানকারী জাতীয় প্রতিষ্ঠান। গতি, সেবা ও ত্যাগ এ ৩টি মন্ত্রে উজ্জীবিত হয়ে এ অধিদপ্তরের কর্মীকগণ পেশাগত দায়িত্ব পালনের মাধ্যমে ইতোমধ্যে জাতীয় আস্থা ও নির্ভরতার প্রতীকে পরিণত হয়েছে। বর্তমানে এ সংস্থার জনবল ৯,০০০ এর উর্ধ্বে এবং স্টেশন সংখ্যা ৩৩৫টি । এ্যাম্বুলেন্স সার্ভিসসহ যে কোন দুর্ঘটনায় সাড়া প্রদানের জন্য এ অধিদপ্তর ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯' এ সংযুক্ত হয়েছে। ২৬/১২/১৭খ্রিঃ ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯' এর মাধ্যমে অদ্যবধি ৪৯১৯টি অগ্নিকান্ড এবং ২২৬৩টি দুর্ঘটনার সংবাদ গৃহীত হয়েছে এবং ৩৯১টি এ্যাম্বুলেন্স কলের মাধ্যমে ৩৯১ জন রোগী হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। সারাদেশে এ প্রতিষ্ঠানের সেবা সম্প্রসারণের লক্ষ্যে ৩টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। প্রকল্পগুলো বাস্তবায়িত হলে স্টেশনের সংখ্যা হবে ৫৫২টি এবং জনবল হবে ১৫০০০ এর অধিক। অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৪১৫ কোটি টাকার আধুনিক গাড়ি-পাম্প ও সাজ-সরঞ্জামাদি সংগ্রহ করা হয়েছে। সরু রাস্তা, ট্রাফিক জ্যামের মধ্যে বিরূপ পরিবেশে যে কোন দুর্যোগে দ্রুত সাড়া প্রদানের জন্য মূল স্টেশনের ব্যাকআপ হিসেবে ঢাকা মহানগরীতে ১১টি স্থান চিহ্নিত করে প্রয়োজনীয় সংখ্যক মোবাইল ফায়ার ইউনিট মোতায়েন করা হয়েছে। অগ্নি সেনাগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে ৫০ (পঞ্চাশ) শয্যা বিশিষ্ট বার্ণ ট্রিটমেন্ট হাসপাতাল এর পূর্ত কাজ সম্পন্ন হয়েছে, এ হাসপাতালের জন্য প্রয়োজনীয় জনবলের পদ সৃজন প্রক্রিয়াধীন। আশা করা যাচ্ছে যে স্বল্প সময়ের মধ্যে চিকিৎসা কার্যক্রম চালু হবে। এ সংস্থা ২০১৫-১৬ অর্থবছরে ১৪,৩৭৭ টি, ২০১৬-১৭ অর্থবছরে ১৮০৪৯টি ও ২০১৭-১৮ অর্থবছরে ১৪,৫৩৩ টি, অগ্নি নির্বাপণের অংশ গ্রহণের মাধ্যমে মোট ৫২১০ কোটি টাকার সম্পদ রক্ষা করত সক্ষম হয়েছে। গত ০৩ বছরে ১৭৭৯৭ টি সড়ক ও নৌ দুর্ঘটনাউত্তর উদ্ধার কার্যক্রমে অংশ নিয়ে ২৯৭৫৯ জনের জীবন রক্ষা, ৪৮৫২ জনের মৃতদেহ উদ্ধার করে স্বজনদের নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়া ২০১৫-২০১৬ অর্থবছরে পদ্মায় এম.ভি মোস্তফা লঞ্চডুবি (৮০ টি মৃতদেহ উদ্ধার), ২০১৬-২০১৭ অর্থবছরে ট্যাম্পাকো অগ্নিকান্ডে (৩৯টি মৃতদেহ উদ্ধার) ২০১৭-২০১৮ অর্থবছরে বহদ্দারহাটে গার্ডার ধ্বস, পাহাড় ধ্বসের উদ্ধার কাযর্ক্রম, চট্টগ্রামের আনোয়ারায় এযাবৎ কালের ঘটে যাওয়া সবচেয়ে ভয়াবহ এ্যামোনিয়া ট্যাংক বিস্ফোরণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কর্মীদের সাহসিকতাপূর্ণ পদক্ষেপসমূহ সরকারের সর্বমহলে প্রশংসিত হয়। গত ১১/০৯/২০১৭ তারিখ হতে স্মরণকালের সবচেয়ে বড় মায়ানমার থেকে কক্সবাজার/টেকনাফ ও উখিয়ায় আগত রোহিঙ্গা শরনার্থীদের অন্যান্য বাহিনীর সাথে সম্মিলিতভাবে সকল ধরনের সহযোগিতা প্রদান, মুন্সিগঞ্জ অগ্নিকান্ডে (০৬টি), মাল্টিফ্যাবস লিঃ, কাশিমপুর, গাজীপুরে বয়লার বিস্ফোরণে (১৩টি) মৃতদেহ উদ্ধার করা হয়েছে। এছাড়া ফায়ার লাইসেন্স ও প্রতিবেদন প্রদানের মাধ্যমে ২০১৫-২০১৬ অর্থবছরে ৭.০০ কোটি, ২০১৬-২০১৭ অর্থবছরে ৭.৫০ কোটি ও ২০১৭-২০১৮ অর্থবছরে ৬.৫৯ কোটি টাকা রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। বর্তমান সময়ে বিভিন্ন জঙ্গি তৎপরতা নির্মূলে অন্যান্য বাহিনীর সাথে যৌথ অভিযানে অগ্নিসেনারা অংশগ্রহণ করছে। এ ধরণের জঙ্গি দমন অভিযানে অংশগ্রহণ করে ১১ মে ২০১৭ ফায়ারম্যান জনাব আঃ মতিন শাহাদাত বরণ করেছেন। পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গত তিন বছরে মোট ৩৪৬ জন কর্মকর্তা/কর্মচারীর বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

অগ্নি নির্বাপণের জন্য শহর এলাকায় পর্যাপ্ত পানির অভাব, হাইড্রেন্ট ব্যবস্থা না থাকা, ট্রাফিক জ্যাম ও অপ্রশস্ত রাস্তাঘাটের কারণে অগ্নিকান্ডসহ অন্যান্য দুর্যোগকালীন সময়ে অকুস্থলে সময়মত পৌঁছা সহজসাধ্য নয়। বহুমাত্রিক ঝুঁকিপূর্ণ অগ্নিকান্ড, অপরিকল্পিত নগরায়ন ও শিল্পায়ন, আবাসিক এলাকায় শিল্প প্রতিষ্ঠানসহ কেমিক্যাল দোকান/ গোডাউন স্থাপন এবং BNBC অনুসরণ না করে ভবন নির্মাণের কারণে অগ্নিকান্ডসহ অন্যান্য দুর্ঘটনায় উদ্ধার কার্যক্রম পরিচালনা করা চ্যালেঞ্জিং। আধুনিক ও যুগোপযোগী উদ্ধার সরঞ্জাম ও জনবলের স্বল্পতা, সাংগঠনিক সক্ষমতা বৃদ্ধিকরণ ইত্যাদি বর্তমান সময়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মূল চ্যালেঞ্জ বিবেচিত।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে চলমান ৩টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন শেষ হলে দেশে ফায়ার স্টেশনের সংখ্যা ৫৫৪ টি এবং জনবল হবে প্রায় ১৫০০০। ভূমিকম্পসহ যে কোন দুর্যোগে তাৎক্ষণিক সাড়াদানের জন্য সারাদেশে ৬২০০০ (বাষট্টি হাজার) স্বেচ্ছাসেবক তৈরির কার্যক্রম চলমান। মডার্ন ফায়ার স্টেশন স্থাপন প্রকল্প এর মাধ্যমে ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন, ডুবুবি ইউনিট সম্প্রসারণ, ১০টি বিশেষায়িত অগ্নি নির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন, JICA ও KOICA-র সহায়তায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য আধুনিক হেডকোয়ার্টার ও EOC স্থাপন এবং আধুনিক ও বিশ্বমানের প্রশিক্ষণ পরিচালনার লক্ষ্যে রাজউকের পূর্বাচল উপশহরে ক্রয়কৃত জমিতে ট্রেনিং সাপোর্ট ফায়ার স্টেশনসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং একাডেমি স্থানান্তরিত হবে। স্ট্রেংথনিং এবেলিটি অব ফায়ার ইর্মাজেন্সি রেসপন্স (সাফার) প্রজেক্ট এর মাধ্যমে ফায়ার এন্ড রেসকিউ সরঞ্জাম, এস্টাবলিশমেন্ট অব ফায়ার এন্ড রেসকিউ স্পেশাল অপারেশন উইং (FARSOW) প্রকল্পের মাধ্যমে ১০টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট গঠন, ৪০ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট এয়ার ব্রিদিং ও গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং ট্রেনিং গ্যালারি, অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ প্রকল্প, ওয়ারলেস ও টেলিকমিউনিকেশন ব্যবস্থা আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প, ২৬টি দপ্তর/ আবাসিক ভবন নির্মাণ করা হবে। এছাড়া অধিদপ্তরে বিভিন্ন পদে পদোন্নতির সুযোগ বৃদ্ধিসহ সংশ্লিষ্টদের পদমর্যাদা উন্নীত করার লক্ষ্যে প্রচলিত নিয়োগবিধি-১৯৯৯ হালনাগাদ করা হবে। অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন প্রয়োগ সহজীকরণের লক্ষ্যে আইনের প্রয়োজনীয় সংশোধনের পদক্ষেপ গ্রহণ করা হবে। রাজস্ব আদায় বৃদ্ধিসহ অগ্নি প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিতকল্পে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা-২০১৪ সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে সংশোধন করা হবে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- অগ্নিসহ যে কোন দুর্ঘটনায় ১০০ ভাগ সাড়া প্রদান করা হবে;
- দুর্ঘটনায় আক্রান্তদের উদ্ধারপূর্বক চিকিৎসালয়ে স্থানান্তর করা হবে;
- অ্যাম্বুলেন্স সার্ভিসের মাধ্যমে ১০৪০০ জন রোগী পরিবহণ করা হবে;
- তাৎক্ষণিক সেবা প্রদানের জন্য দুর্ঘটনা প্রবণ ৯০টি পয়েন্টে টহল কার্যক্রম পরিচালনা করা হবে;
- ভূমিকম্প, অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে বস্তি এলাকায়, শপিংমল, হাটবাজার বিপণিবিতানে, শিক্ষা প্রতিষ্ঠানে এবং বহুতল/বাণিজ্যিক ভবনে ৭৭৪০টি মহড়া পরিচালনা করা হবে;
- অগ্নিনিরাপত্তা নিশ্চিতকল্পে ৪৯৩০টি বিভিন্ন শিল্পসহ অন্যান্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে;
- শিল্পসহ অন্যান্য প্রতিষ্ঠানের অগ্নিনিরাপত্তা নিশ্চিতকল্পে ৯৫টি জরিপকার্য পরিচালনা করা হবে;
- জনসচেতনতা বৃদ্ধিকরণে ১৪০৫০টি জনসংযোগ ও গণসংযোগ টপোগ্রাফি পরিচালনা করা হবে;
- অগ্নি নির্বাপণী মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে ১,৬২,০০০ জনকে প্রশিক্ষিত করা হবে;
- ১১০০ জন নতুন কমিউনিটি ভলান্টিয়ার এবং ২৪০ জন ভলান্টিয়ারগণদের সতেজকরণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- সক্ষমতা বৃদ্ধিকল্পে ৯৬ জনকে দেশীয় বিশেষ প্রশিক্ষণসহ ২০০ জনকে বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ১৩৪০০ টি মালগুদাম ও কারখানার জন্য ফায়ার লাইসেন্স প্রদান করা হবে;
- অনলাইনে ২৯৫টি বহুতল ও বাণিজ্যিক ভবন নির্মাণের ছাড়পত্র প্রদান করা হবে;
- ফায়ার রিপোর্ট ও লাইসেন্স বাবদ ৭.৯ কোটি টাকা রাজস্ব আদায় করা হবে এবং
- ১৩০টি নতুন ফায়ার স্টেশনের পূর্ত কাজ সমাপ্ত করা হবে।

## সেকশন-১

রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি:

১.১ রূপকল্প :

''অগ্নিকান্ডসহ সকল দুর্যোগ মোকাবেলায় এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে সক্ষমতা অর্জন''

১.২ অভিলক্ষ্য:

'' দুর্যোগ-দুর্ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা।''

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. অগ্নিনির্বাপণ, উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা সেবা পরিচালনা;
২. দুর্ঘটনারোধে প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা;
৩. দুর্ঘটনা প্রতিরোধে প্রশিক্ষণ কার্যক্রম;
৪. বিভিন্ন প্রতিষ্ঠান/স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স ও ছাড়পত্র প্রদান;
৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রকল্প বাস্তবায়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ প্রধান কার্যাবলি:

১. যে কোন সময়ে সংঘটিত অগ্নি নির্বাপণ, অগ্নি প্রতিরোধ ব্যবস্থা জোরদার করা এবং যে কোন দুর্ঘটনা/ দুর্যোগে অনুসন্ধান ও উদ্ধারকার্য পরিচালনা করা;
২. দুর্ঘটনা ও দুর্যোগে আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান, গুরুতর আহতদের দ্রুত হাসপাতালে প্রেরণ এবং রোগীদের এ্যাম্বুলেন্স সেবা প্রদান;
৩. দেশের অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন করে অগ্নি দুর্ঘটনাসহ যে কোন দুর্যোগ মোকাবেলা ও জান-মালের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা;
৪. বহুতল ভবন, বাণিজ্যিক ভবন, শিল্প কারখানা ও বস্তি এলাকায় অগ্নিদুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণ, পরামর্শ ও মহড়া পরিচালনা করা;
৫. অগ্নি দুর্ঘটনাসহ যে কোন দুর্ঘটনা ও দুর্যোগ তাৎক্ষণিকভাবে মোকাবেলার জন্য দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় টহল ডিউটি কার্যক্রম পরিচালনা;
৬. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মীদের অগ্নিনির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ প্রদান;
৭. বহুতল ভবনের অগ্নি নিরাপত্তামূলক ছাড়পত্র প্রদান ও ছাড়পত্রের শর্তসমূহ বাস্তবায়ন নিশ্চিত করা;
৮. বিমান হামলার হাত থেকে রক্ষার জন্য হুঁশিয়ারী সংকেতের মাধ্যমে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিতসহ সকল বেসরকারি প্রতিষ্ঠানকে সতর্ক করা;
৯. আন্তর্জাতিক অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা সংস্থাসমূহের সংগে লিয়াঁজো রক্ষা এবং এতদসংশ্লিষ্ট আন্তর্জাতিক সভা সেমিনারে প্রতিনিধিত্ব করা;
১০. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়নসহ অগ্নিনির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা;
১১. অগ্নি নির্বাপণ ও উদ্ধারকারী সাজ-সরঞ্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ;
১২. দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সরকারকে কৌশলগত পরামর্শ প্রদান;
১৩. অগ্নি প্রতিরোধসহ যে কোন দুর্যোগ মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;
১৪. জান-মালের নিরাপত্তা বৃদ্ধিসহ দুর্যোগ মোকাবেলায় স্বেচ্ছাসেবক তৈরি করা;
১৫. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা-কর্মচারী, জনসাধারণ ও শিক্ষার্থীদের অগ্নিনির্বাপণ প্রতিরোধ এবং বেসামরিক প্রতিরক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
১৬. অধিদপ্তরের অধীন সকল স্থাপনা ভূমিকম্প সহনীয় করে জনবল ও সাজ-সরঞ্জামাদির নিরাপত্তা নিশ্চিত করা;
১৭. অধিদপ্তরের জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগী আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
১৮. ওয়্যারহাউজ ও ওয়ার্কশপ সমূহের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা বাস্তবায়নপূর্বক ফায়ার লাইসেন্স প্রদান করা;
১৯. সংঘটিত অগ্নিকান্ডের তদন্ত করে প্রতিবেদন প্রণয়ন করা;
২০. আধুনিক অগ্নি নির্বাপণ ও উদ্ধার সাজ-সরঞ্জামাদির চাহিদা প্রণয়ন ও সংগ্রহ;
২১. আইন অনুযায়ী সার্ভিস চার্জের বিনিময়ে সেবা প্রদান করা।

## সেকশন-২

### অধিদপ্তরের আউটকাম (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| শতভাগ দুর্যোগ দুর্ঘটনায় সাড়া প্রদান | সাড়া প্রদান | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | জেলা প্রশাসন, বাংলাদেশ পুলিশ, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। | মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে প্রাপ্ত বার্ষিক প্রতিবেদন মোতাবেক। |

## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY2 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) | প্রক্ষেপণ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | ২০১৯-২০ | ২০২০-২১ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. অগ্নি নির্বাপণ, উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা সেবা পরিচালনা | ২৮ | (১.১) অগ্নি নির্বাপণ কার্যক্রম গ্রহণ; | (১.১.১) সাড়া প্রদানকৃত অগ্নিদুর্ঘটনা | % | ১৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | (১.২) দুর্ঘটনার বিপরীতে উদ্ধার কার্যক্রম গ্রহণ; | (১.২.১) পরিচালিত উদ্ধার কার্য | % | ৬ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | (১.৩) দুর্ঘটনা কবলিতদের তাৎক্ষণিকভাবে চিকিৎসালয়ে স্থানান্তর; | (১.৩.১) দুর্ঘটনা কবলিতদের চিকিৎসালয়ে স্থানান্তর | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | (১.৪) এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা; | (১.৪.১) প্রদানকৃত এ্যাম্বুলেন্স সার্ভিস | সংখ্যা | ২ | ১০২৫০ | ৯১৪৬ | ১০৪০০ | ১০৩৫০ | ১০৩০০ | ১০২৭০ | ১০২৫০ | ১০৫০০ | ১০৬০০ |
| | | (১.৫) দুর্ঘটনায় সাড়া প্রদান; | (১.৫.১) সাড়া প্রদানকৃত সময় | মিনিট/ কি:মি: | ১ | ৬.১৫ | ৬.১০ | ৬.০০ | ৬.০৪ | ৬.০৮ | ৬.১১ | ৬.১৫ | ৫.৭৫ | ৫.৫০ |
| | | (১.৬) তাৎক্ষণিক সেবা প্রদানের জন্য টহল ডিউটি কার্যক্রম; | (১.৬.১) টহলের জন্য নির্ধারিত পয়েন্ট | সংখ্যা | ২ | ৮৫ | ৮৮ | ৯০ | ৮৯ | ৮৮ | ৮৭ | ৮৫ | ৯০ | ৯০ |
| ২. দুর্ঘটনা রোধে প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা | ২০ | (২.১) অগ্নি দুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্প প্রতিরোধমূলক মহড়ার আয়োজন; | (২.১.১) বস্তি এলাকায় পরিচালিত মহড়া | সংখ্যা | ৩ | ৫০২ | ৪৭১ | ৫১০ | ৫০৮ | ৫০৬ | ৫০৪ | ৫০২ | ৫২০ | ৫৩০ |
| | | | (২.১.২) শপিংমল, হাটবাজার বিপণিবিতানে পরিচালিত মহড়া | সংখ্যা | ৩ | ৩৬৪৬ | ৩০৯২ | ৩৭৫০ | ৩৭২০ | ৩৬৯০ | ৩৬৭০ | ৩৬৪৬ | ৩৮০০ | ৩৯০০ |
| | | | (২.১.৩) শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মহড়া | সংখ্যা | ৩ | ২৭০৩ | ২৬৩৮ | ২৮০০ | ২৭৬০ | ২৭৪০ | ২৭২০ | ২৭০৩ | ২৮৫০ | ২৯০০ |
| | | | (২.১.৪) বহুতল/ বাণিজ্যিক ভবনে পরিচালিত মহড়া | সংখ্যা | ৩ | ৬৪৯ | ৬০৭ | ৬৮০ | ৬৭৫ | ৬৬৫ | ৬৫৫ | ৬৪৯ | ৬৯০ | ৭০০ |
| | | (২.২) বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ; | (২.২.১) পরিচালিত অগ্নি নিরাপত্তামূলক পরিদর্শন কার্যক্রম | সংখ্যা | ৩ | ৪৮৫০ | ৪৫৮৭ | ৪৯৩০ | ৪৯১০ | ৪৮৯০ | ৪৮৭০ | ৪৮৫০ | ৫০০০ | ৫০৫০ |
| | | (২.৩) অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি সম্পর্কে পরামর্শ প্রদান; | (২.৩.১) বিভিন্ন প্রতিষ্ঠানে পরিচালিত সার্ভে | সংখ্যা | ২ | ৮৫ | ৬৬ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৭ | ৮৫ | ১০০ | ১০৫ |
| | | (২.৪) জনসচেতনতা বৃদ্ধিকরণ | (২.৪.১) পরিচালিত টপোগ্রাফি, জন ও গণসংযোগ | সংখ্যা | ৩ | ১৩৯৩৩ | ১৩৭৭৩ | ১৪০৫০ | ১৪০২০ | ১৩৯৯০ | ১৩৯৬০ | ১৩৯৩৩ | ১৪২০০ | ১৪৪০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY2 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ৩. দুর্ঘটনা প্রতিরোধে প্রশিক্ষণ কার্যক্রম | ১৩ | (৩.১) অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | (৩.১.১) সাধারণ জনগণদের প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ২ | ১৪৭১৫ | ১৯২৭৯ | ২০০০০ | ১৮৬০০ | ১৭৩০০ | ১৬০০০ | ১৪৭১৫ | ২০৫০০ | ২১০০০ |
| | | | (৩.১.২) শিক্ষার্থীদের জন্য পরিচালিত মৌলিক প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ২ | ৪৭০১২ | ৫৮৮২৪ | ৬০০০০ | ৫৭০০০ | ৫৩০০০ | ৫০০০০ | ৪৭০১২ | ৬১০০০ | ৬২০০০ |
| | | | (৩.১.৩) প্রতিষ্ঠানের জন্য পরিচালিত মৌলিক প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ৩ | ৭৮৫০০ | ৮১৭২০ | ৮২০০০ | ৮১০০০ | ৮০০০০ | ৭৯৩০০ | ৭৮৫০০ | ৮২৪০০ | ৮২৮০০ |
| | | (৩.২) প্রশিক্ষিত কমিউনিটি ভলান্টিয়ার তেরী; | (৩.২.১) প্রস্তুতকৃত নতুন কমিউনিটি ভলান্টিয়ার; | সংখ্যা (জন) | ২ | ৬৩১০ | ১৭৫০ | ১১০০ | ১০৫০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ১২০০ | ১৩০০ |
| | | | (৩.২.২) ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ১ | ১৬০ | ২২০ | ২৪০ | ২১০ | ১৯০ | ১৭০ | ১৬০ | ২৬০ | ৩০০ |
| | | (৩.৩) ফায়ার সার্ভিস কর্মী বাহিনীর জন্য পরিচালিত প্রশিক্ষণ; | (৩.৩.১) অংশগ্রহণকৃত প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ১ | ১৮৮৯ | ২১৯০ | ২৬০০ | ২৪০০ | ২২০০ | ২০০০ | ১৮৮৯ | ২৮০০ | ৩০০০ |
| | | (৩.৪) সক্ষমতা বৃদ্ধিকরণে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ; | (৩.৪.১) অংশগ্রহণকৃত বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ১ | ১১০ | ১৫৯ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৩০ | ১১০ | ২১০ | ২২০ |
| | | | (৩.৪.২) অংশগ্রহণকৃত দেশীয় উচ্চতর প্রশিক্ষণ; | সংখ্যা (জন) | ১ | ৮৮ | ৯২ | ৯৬ | ৯৪ | ৯২ | ৯০ | ৮৮ | ১০০ | ১১০ |
| ৪.বিভিন্ন প্রতিষ্ঠান/ স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স ও ছাড়পত্র প্রদান | ৭ | (৪.১) প্রতিষ্ঠান/ স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স প্রদান; | (৪.১.১) প্রদানকৃত ফায়ার লাইসেন্স; | সংখ্যা | ৩ | ১২৯৯৬ | ১০২৪১ | ১৩৪০০ | ১৩৩০০ | ১৩২০০ | ১৩১০০ | ১২৯৯৬ | ১৩৫০০ | ১৩৬০০ |
| | | (৪.২) অনলাইনে বহুতল ও বাণিজ্যিক প্রতিষ্ঠান/ স্থাপনা বরাবর ইস্যুকৃত ছাড়পত্র; | (৪.২.১) প্রদানকৃত ছাড়পত্র; | সংখ্যা | ২ | ২৮০ | ২৭২ | ২৯৫ | ২৯০ | ২৮৫ | ২৮২ | ২৮০ | ৩০০ | ৩০৫ |
| | | (৪.৩) ফায়ার লাইসেন্স ও প্রতিবেদন বাবদ রাজস্ব আদায়; | (৪.৩.১) আদায়কৃত রাজস্ব; | টাকা (লক্ষ) | ২ | ৭৫০ | ৬৫৯ | ৭৯০ | ৭৮০ | ৭৭০ | ৭৬০ | ৭৫০ | ৮২৫ | ৮৫০ |
| ৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রকল্প বাস্তবায়ন। | ৭ | (৫.১) প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন স্টেশন পরিদর্শন; | (৫.১.১) পরিদর্শিত নির্মাণাধীন ফায়ার স্টেশন; | সংখ্যা | ২ | ৮০ | ৮৮ | ৯৫ | ৯১ | ৮৭ | ৮৪ | ৮০ | ১০০ | ১২০ |
| | | (৫.২) ১৫৬টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্প সমাপ্তকরণ; | (৫.২.১) স্থাপিত ফায়ার স্টেশন; | সংখ্যা | ৩ | - | ৪৫ | ১১১ | ১০০ | ৯০ | ৮০ | ৫০ | - | - |
| | | (৫.৩) ২৫টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্প সমাপ্তকরণ। | (৫.৩.১) স্থাপিত ফায়ার স্টেশন। | সংখ্যা | ২ | ০১ | ০১ | ১৯ | ১৬ | ১৪ | ১২ | ০৮ | - | - |

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

(মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performanc Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of P I) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদার করণ | ৩ | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন ২০১৮ | ২১ জনু ২০১৮ | ২৪ জুন ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২২ জানুয়ারি ২০১৯ | ২৩ জানুয়ারি ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feed back) মন্ত্রণালয়/ বিভাগে দাখিল | ফলাবর্তক (Feed back) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি ২০১৯ | ৩১ জানুয়ারি ২০১৯ | ৪ ফেব্রুয়ারি ২০১৯ | ৮ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জন ঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/ সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি ২০১৯ | ২৪ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ |
| | | দপ্তর/ সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাদাকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল ২০১৯ | ২২ এপ্রিল ২০১৯ | ০২ মে ২০১৯ | ১৬ মে ২০১৯ | ৩০ মে ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদ সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ১৫ জানুয়ারি ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of P I) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/ অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/ সংস্থার ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর ২০১৮ | ৩১ অক্টোবর ২০১৮ | ১৫ নভেম্বর ২০১৮ | ২৯ নভেম্বর ২০১৮ | ০৬ডিসেম্বর ২০১৮ |

**অঙ্গীকারনামা**

আমি ব্রিগেডিয়ার জেনারেল আলী আহাম্মেদ খান, পিএসসি (অব:), মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, সুরক্ষা সেবা বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্রিগেডিয়ার জেনারেল
আলী আহাম্মেদ খান পিএসসি (অব:)
মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।

তারিখঃ ১০/০৬/২০১৮ খ্রিঃ

ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

তারিখঃ ১০/০৬/২০১৮ খ্রিঃ

# সংযোজনী-১

শব্দ সংক্ষেপ
(Acronyms)

| ক্রমিক নম্বর | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| ১ | BNBC | Bangladesh National Building Code |
| ২ | CDMP | Comprehensive Disaster Management Program |
| ৩ | JICA | Japanese International Co-operation agency |
| ৪ | KOICA | Korean International Co-operation agency |
| ৫ | FARSOW | Fire & Rescue Spacial Operation Wing |
| ৬ | EOC | Emergency Operation Centre |

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | (১.১) অগ্নি নির্বাপণ কার্যক্রম গ্রহণ; | (১.১.১) সাড়া প্রদানকৃত অগ্নি দুর্ঘটনা; | ঢাকাস্থ কেন্দ্রীয় ও বিভাগীয় নিয়ন্ত্রণকক্ষ/যে কোন ফায়ার স্টেশনে প্রাপ্ত অগ্নিকান্ডের সংবাদের ভিত্তিতে অধিদপ্তরের কর্মীগণ শতভাগ অগ্নিকান্ডে সরঞ্জামাদিসহ অকুস্থলে গমনপূর্বক অগ্নি নির্বাপণ করেন। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ২ | (১.২) দুর্ঘটনার বিপরীতে উদ্ধার কার্যক্রম গ্রহণ; | (১.২.১) পরিচালিত উদ্ধার কার্যক্রম; | অগ্নিকান্ডসহ সকল দুর্ঘটনা ও বিধ্বস্থ ভবনে বিভিন্ন উদ্ধার কলাকৌশলের মাধ্যমে দুর্যোগ ও দুর্ঘটনার বিপরীতে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৩ | (১.৩) দুর্ঘটনা কবলিতদের তাৎক্ষণিকভাবে চিকিৎসালয়ে স্থানান্তর; | (১.৩.১) দুর্ঘটনা কবলিতদের চিকিৎসালয়ে হস্তান্তর; | আহত ব্যক্তিদের দুর্ঘটনাস্থল হতে উদ্ধার করে তাৎক্ষণিকভাবে হাসপাতালে প্রেরণের মাধ্যমে চিকিৎসা সেবা নিশ্চিত করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | অ্যাম্বুলেন্স শাখা হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৪ | (১.৪) এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা; | (১.৪.১) প্রদানকৃত এ্যাম্বুলেন্স সার্ভিস; | নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে রোগী এ্যাম্বুলেন্স সার্ভিসের মাধ্যমে জরুরিভিত্তিতে চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণের মাধ্যমে জনগণকে সেবা প্রদান করা হয়। যে কোন ব্যক্তি ফায়ার সার্ভিসে কল করে অনপেমেন্ট ব্যবস্থায় এই সেবা গ্রহণ করতে পারেন। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | অ্যাম্বুলেন্স শাখা হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৫ | (১.৫) দুর্ঘটনায় সাড়া প্রদান; | (১.৫.১) সাড়া প্রদানকৃত সময় | ঢাকাস্থ কেন্দ্রীয় ও বিভাগীয় নিয়ন্ত্রণকক্ষ/যে কোন ফায়ার স্টেশনে প্রাপ্ত অগ্নিকান্ডের সংবাদের ভিত্তিতে অধিদপ্তরের কর্মীগণ দ্রুততম সময়ের মধ্যে দুর্ঘটনায় সাজ-সরঞ্জামাদিসহ অকুস্থলে গমনপূর্বক অগ্নি নির্বাপণ করেন। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ৬ | (১.৬) তাৎক্ষণিক সেবা প্রদানের জন্য টহল ডিউটি কার্যক্রম। | (১.৬.১) টহলের জন্য নির্ধারিত পয়েন্ট; | অগ্নিকান্ডসহ অন্যান্য দুর্ঘটনা তাৎক্ষণিক মোকাবেলার জন্য সারাদেশের দুর্ঘটনাপ্রবন এলাকায় টহল ডিউটি কার্যক্রম পরিচালনা করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ৭ | (২.১) অগ্নি দুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্প প্রতিরোধমূলক মহড়ার আয়োজন; | (২.১.১) বস্তি এলাকায় পরিচালিত মহড়া; | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে বস্তি এলাকায় মহড়া পরিচালনা করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ৮ | | (২.১.২) শপিংমল, হাটবাজার বিপণিবিতানে পরিচালিত মহড়া; | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে শপিংমল, হাটবাজার বিপণিবিতানে মহড়া পরিচালনা করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ৯ | | (২.১.৩) শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত মহড়া; | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠানে মহড়া পরিচালনা করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০ | | (২.১.৪) বহুতল/ বাণিজ্যিক ভবনে পরিচালিত মহড়া; | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে সচেতনতা ও প্রাথমিক পর্যায়ে অগ্নিকান্ড মোকাবেলা, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প প্রতিরোধমূলক সম্পর্কে জানানো ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিকটস্থ ফায়ার স্টেশনের উদ্যোগে বহুতল/ বাণিজ্যিক ভবনে মহড়া পরিচালনা করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ১১ | (২.২) বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ | (২.২.১) পরিচালিত অগ্নি নিরাপত্তামূলক পরিদর্শন কার্যক্রম; | সকল মালগুদাম ও কারখানায় অগ্নি প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর বিধান অনুযায়ী অধিদপ্তরের কর্মী কর্তৃক পরিদর্শন করে অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণ করা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | অধিদপ্তরের ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ১২ | (২.৩) অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি সম্পর্কে পরামর্শ প্রদান | (২.৩.১) বিভিন্ন প্রতিষ্ঠানে পরিচালিত সার্ভে; | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী সকল প্রতিষ্ঠানের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকল্পে সার্ভে পরিচালনা করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | অধিদপ্তরের ফায়ার সেফটি শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ১৩ | (২.৪) জনসচেতনতা বৃদ্ধিকরণ | (২.৪.১) পরিচালিত টপোগ্রাফি, জন ও গণসংযোগ; | জনসচেতনতা বৃদ্ধি, ভূমিকম্প ও অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনা মোকবেলা সহজতর করার জন্য রাস্তাঘাট ও পানির উৎসসহ ঝুকিপূর্ন স্থান চিহ্নিত করার জন্য নিকটস্থ ফায়ার স্টেশনের মাধ্যমে সারাদেশে টপোগ্রাফি, জন ও গণসংযোগ পরিচালনা করা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৪ | (৩.১) অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | (৩.১.১) সাধারণ জনগণদের প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ; | সাধারণ জনগণদের মৌলিক অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয়। | পরিচালক (পঃ উঃ প্রঃ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৫ | | (৩.১.২) শিক্ষার্থীদের জন্য পরিচালিত মৌলিক প্রশিক্ষণ; | স্কুল কলেজসহ সকল শিক্ষার্থীদের মৌলিক অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয়। | পরিচালক (পঃ উঃ প্রঃ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ১৬ | | (৩.১.৩) প্রতিষ্ঠানের জন্য পরিচালিত মৌলিক প্রশিক্ষণ; | সরকারি বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ফি সহ আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানের জন্য মৌলিক অগ্নিনির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা হয়। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) | অধিদপ্তরের ফায়ার সেফটি শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ১৭ | (৩.২) প্রশিক্ষিত কমিউনিটি ভলান্টিয়ার তৈরী; | (৩.২.১) প্রস্তুতকৃত নতুন কমিউনিটি ভলান্টিয়ার; | ভূমিকম্প ও অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনা মোকাবেলার জন্য সাহায্যকারী জনবল বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সারাদেশে কমিউনিটি ভলান্টিয়ার তৈরী করা হয়। | পরিচালক (পঃ উঃ প্রঃ) | অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ১৮ | | (৩.২.২) ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ; | ভূমিকম্প ও অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনা মোকাবেলার জন্য সাহায্যকারী জনবল বৃদ্ধির লক্ষ্যে তৈরিকৃত ভলান্টিয়ারদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সতেজকরণ করা হয়। | পরিচালক (পঃ উঃ প্রঃ) | অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৯ | (৩.৩) ফায়ার সার্ভিস কর্মী বাহিনীর জন্য পরিচালিত প্রশিক্ষণ; | (৩.৩.১) অংশগ্রহণকৃত প্রশিক্ষণ; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র ও বিভাগীয়/ জেলা প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়। | পরিচালক (পঃ উঃ প্রঃ) | অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ২০ | (৩.৪) সক্ষমতা বৃদ্ধিকরণে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ; | (৩.৪.১) অংশগ্রহণকৃত বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়। | পরিচালক (পঃ উঃ প্রঃ) | অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ২১ | | (৩.৪.২) অংশগ্রহণকৃত দেশীয় উচ্চতর প্রশিক্ষণ; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে দেশীয় অন্যান্য বিভাগের মাধ্যমে অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র ও বিভাগীয়/জেলা প্রশিক্ষণ কেন্দ্র এবং অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়। | পরিচালক (পঃ উঃ প্রঃ) | অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ২২ | (৪.১) প্রতিষ্ঠান/স্থাপনা বরাবর বিধি মোতাবেক লাইসেন্স প্রদান; | (৪.১.১) প্রদানকৃত লাইসেন্স; | সকল মালগুদাম ও কারখানায় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণি ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এর বিধান অনুযায়ী অধিদপ্তরের কর্মী কর্তৃক পরিদর্শন করে ফায়ার সেফটি নিশ্চিতকরণ ও রাজস্ব আদায়ের লক্ষ্যে ফায়ার লাইসেন্স প্রদান করা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদের নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদন হতে তথ্য পাওয়া যায়। | |
| ২৩ | (৪.২) অনলাইনে বহুতল ও বাণিজ্যিক ভবন নির্মাণে ছাড়পত্র প্রদান; | (৪.২.১) বহুতল ও বাণিজ্যিক প্রতিষ্ঠান/ স্থাপনা বরাবর ইস্যুকৃত ছাড়পত্র; | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩ এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী যে কোন বহুতল ভবনের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকল্পে আবেদনের পরিপ্রেক্ষিতে বহুতল ও বাণিজ্যিক ভবন নির্মাণের ছাড়পত্র প্রদান করা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ২৪ | (৪.৩) ফায়ার রিপোর্ট ও লাইসেন্স বাবদ ফি আদায়; | (৪.৩.১) আদায়কৃত ফি; | যে কোন ওয়্যারহাউজ ও ওয়ার্কশপে অগ্নি দুর্ঘটনার ফলে ক্ষতির পরিমাণ নির্ধারণ ও অগ্নিকান্ডের কারণ সম্পর্কিত ফায়ার রিপোর্ট এবং লাইসেন্স প্রদান ও নবায়নের মাধ্যমে ফি আদায় করা হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | উপপরিচালক ও সহকারী পরিচালকদেরর নিকট হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের তথ্য মোতাবেক। | |
| ২৫ | (৫.১) প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন স্টেশন পরিদর্শন; | (৫.১.১) পরিদর্শিত নির্মাণাধীন ফায়ার স্টেশন; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ও পরিচালকগণ কতৃক বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মাণাধীন ফায়ার স্টেশন পরিদর্শন। | পরিচালক (প্রকল্প ১৫৬, ২৫ ও ৭৮) | অধিদপ্তরের প্রকল্প ১৫৬, ২৫, ৭৮ ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ২৬ | (৫.২) ১৫৬টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্প সমাপ্তকরণ; | (৫.২.১) স্থাপিত ফায়ার স্টেশন; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১৫৬টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণ কাজ সমাপ্তকরণ। | পরিচালক (প্রকল্প ১৫৬) | অধিদপ্তরের প্রকল্প ১৫৬ ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |
| ২৭ | (৫.৩) ২৫টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্প সমাপ্তকরণ। | (৫.৩.১) স্থাপিত ফায়ার স্টেশন। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২৫টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণ কাজ সমাপ্তকরণ। | পরিচালক (প্রকল্প ২৫) | অধিদপ্তরের প্রকল্প ২৫ ও পরিকল্পনা শাখা হতে প্রাপ্ত তথ্য মোতাবেক। | |

সংযোজনী-৩

কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়ের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | উক্ত সংস্থার নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| (ক) অর্থ বিভাগ<br>(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | কমিউনিটি ভলান্টিয়ার তৈরি | (৩.২.১) ভূমিকম্প প্রবন অঞ্চলে কমিউনিটি পর্যায়ে ৬২০০০ ভলান্টিয়ার তৈরি। | কমিউনিটি ভলান্টিয়ার তৈরিতে অর্থ বরাদ্দ | - | ভূমিকম্পপ্রবণ অঞ্চলে কমিউনিটি ৬২০০০ ভলান্টিয়ার তৈরিতে বিলম্বিত হতে পারে; |
| (ক) অর্থ বিভাগ<br>(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণ | (৩.২.২) ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ; | কমিউনিটি ভলান্টিয়ার সতেজকরণে অর্থ বরাদ্দ | - | ভূমিকম্পপ্রবণ অঞ্চলে প্রস্তুতকৃত কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণে বিলম্বিত হতে পারে; |
| অর্থ বিভাগ | বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ | (৩.৪.১) সক্ষমতা বৃদ্ধিকরণে বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ; | বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণে অর্থ বরাদ্দ | - | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকরণে বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণ প্রদানে বিলম্বিত হতে পারে; |
| (ক) মন্ত্রিপরিষদ বিভাগ<br>(খ) ভূমি মন্ত্রণালয়<br>(গ) পূর্ত বিভাগ<br>(ঘ) অর্থ বিভাগ<br>(ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয় | জমি বরাদ্ধ<br>ভবন নির্মাণ<br>পদ সৃজন | (৫.২.১) প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে ১৫৬টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্প সমাপ্তকরণ নতুন ১৮০৩টি পদ সৃজন; | দ্রুত জমি বরাদ্ধ, ভবন নির্মাণ এবং পদ সৃজনে ত্বরিৎ মতামত/ অনুমোদন | - | প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন এবং নির্মাণ সমাপ্তকৃত ফায়ার স্টেশনগুলির কার্যক্রম চালু বিলম্বিত হতে পারে; |
| (ক) মন্ত্রিপরিষদ বিভাগ<br>(খ) ভূমি মন্ত্রণালয়<br>(গ) পূর্ত বিভাগ<br>(ঘ) অর্থ বিভাগ<br>(ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয় | জমি বরাদ্ধ<br>ভবন নির্মাণ<br>পদ সৃজন | (৫.৩.১) প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে ২৫টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্প সমাপ্তকরণ নতুন ৩৫৭টি পদ সৃজন; | দ্রুত জমি বরাদ্ধ, ভবন নির্মাণ এবং পদ সৃজনে ত্বরিৎ মতামত/ অনুমোদন | - | প্রতিটি উপজেলায় ন্যূনতম একটি ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন এবং নির্মাণ সমাপ্তকৃত ফায়ার স্টেশনগুলির কার্যক্রম চালু বিলম্বিত হতে পারে। |